হরমুজ প্রণালিতে হামলায় উদ্বেগ, ক্ষতিগ্রস্ত ৫ জাহাজ



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজের নিরাপত্তা নিয়ে উদ্বেগ বাড়ছে। গত ২৪ ঘণ্টায় পাঁচটি জাহাজ হামলার শিকার হয়েছে। এতে তেলবাহী ট্যাংকার ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি নৌ-মাইন বিস্ফোরণ এবং মার্কিন ড্রোন ভূপাতিত করার খবর দিয়েছে ইরান।

আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থার (আইএমও) পরিসংখ্যান বলছে, ফেব্রুয়ারি থেকে এখন পর্যন্ত হরমুজ প্রণালিতে ১৩৪টি জাহাজে হামলার ঘটনা ঘটেছে। এসব ঘটনায় প্রাণ হারিয়েছেন অন্তত ২৫ জন নাবিক। নিহতদের মধ্যে কয়েকজন ভারতীয় নাগরিকও রয়েছেন।

ইরানের নৌবাহিনী ও বিপ্লবী গার্ডের দাবি, সাম্প্রতিক হামলায় কয়েকটি তেলবাহী ট্যাংকারে আগুন ধরে যায়। নৌ-মাইনের আঘাতে ক্ষতিগ্রস্ত জাহাজগুলোর মধ্যে একটি সুপার ট্যাংকারও রয়েছে। নিরাপদ নৌপথ এড়িয়ে চলা এবং জাহাজের শনাক্তকরণ ব্যবস্থা বন্ধ রাখাকে ঝুঁকি বৃদ্ধির কারণ হিসেবে উল্লেখ করেছে দেশটি।

এদিকে কেশম দ্বীপের আকাশে যুক্তরাষ্ট্রের একটি এমকিউ-১ প্রিডেটর ড্রোন ধ্বংসের দাবি করেছে ইরান। এ বিষয়ে এখন পর্যন্ত কোনো মন্তব্য করেনি ওয়াশিংটন।

ওয়াশিংটন ইনস্টিটিউট অব নিয়ার ইস্ট পলিসির তথ্য অনুযায়ী, গত অক্টোবর মাসে হরমুজ প্রণালিতে ৩৭টি বাণিজ্যিক জাহাজ ও তেলবাহী ট্যাংকার হামলার মুখে পড়ে। সংঘাত শুরুর পর এক মাসে এত বেশি জাহাজ আক্রান্ত হওয়ার ঘটনা আর ঘটেনি।

জাতিসংঘের হিসাবেও প্রণালিটিতে হামলার সংখ্যা ১৩০ ছাড়িয়েছে। এতে অন্তত ২৫ জন নাবিকের মৃত্যু হয়েছে।